

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯২৫
আগরতলা, ২২ ফেব্রুয়ারি, ২০২৪

কুমারী সানু মগের চিকিৎসার জন্য মুখ্যমন্ত্রীর ত্রাণ
তহবিল থেকে এক লক্ষ টাকা আর্থিক সহায়তা

বহিরাঙ্গ্যে উন্নত চিকিৎসার জন্য দুর্ঘটনায় আহত সানু মগের পরিবারকে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে ১ (এক) লক্ষ টাকা সহায়তা প্রদান করা হয়েছে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা আজ এই মঞ্জুরী দিয়েছেন। দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনিয়া মহকুমার গাবুরছড়ার বাসিন্দা কুমারী সানু মগ গত ১৪ ফেব্রুয়ারি জাতীয় সড়কে এক যান দুর্ঘটনায় গুরুতর আহত হয়। ১৮ বছরের সানু মগকে চিকিৎসার জন্য আগরতলায় সরকারি মেডিকেল কলেজ এবং জিবিপি হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়। বর্তমানে এই হাসপাতালেই সে চিকিৎসাধীন রয়েছে। ডাক্তাররা উন্নত চিকিৎসার জন্য সানু মগকে নয়াদিল্লীর অল ইন্ডিয়া ইন্সটিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস পাঠানোর পরামর্শ দিয়েছেন।

বহিরাঙ্গ্যে চিকিৎসার জন্য আর্থিক দিক দিয়ে অস্বচ্ছল এই পরিবারের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর কাছে আর্থিক সাহায্য চেয়ে আবেদন জানানো হয়। এরই পরিপ্রেক্ষিতে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে কুমারী সানু মগের চিকিৎসার জন্য এক লক্ষ টাকা আর্থিক সহায়তা মঞ্জুর করেন। আজই চিকিৎসাধীন সানু মগের পরিবারের হাতে এই অর্থরাশি তুলে দেওয়া হয়।
